

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ১১

তারিখঃ জুলাই ০৩, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেন নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিদেশী সরবরাহকারীর ক্রেডিট রিপোর্ট সংগ্রহ প্রসংগে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন (জিএফইটি), ভলিউম-১ (২০০৯ সংস্করণ) এর ৭ নম্বর অধ্যায়ের ২৩(বি) অনুচ্ছেদে বিদেশী রপ্তানিকারক/সরবরাহকারীর গোপনীয় প্রতিবেদন সংগ্রহের বিষয়ে জ্ঞাপিত নির্দেশনার প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিদেশী সরবরাহকারী কর্তৃক ইস্যুকৃত প্রোফরমা ইনভয়েস মাঃডঃ ১০,০০০ (যা পূর্বে ছিল ৫ লক্ষ টাকা) এর অধিক এবং বিদেশী সরবরাহকারীর স্থানীয় এজেন্ট কর্তৃক ইস্যুকৃত ইনভয়েস মাঃডঃ ২০,০০০ (যা পূর্বে ছিল ১০ লক্ষ টাকা) এর অধিক হলে অনুমোদিত ডিলারদেরকে বিদেশী রপ্তানিকারকের গোপনীয় প্রতিবেদন সংগ্রহ করতে হবে।

০৩। এছাড়াও সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, অনুমোদিত ডিলার ব্যাংক তার নিকট গ্রহণযোগ্য আন্তর্জাতিকভাবে খ্যাতিসম্পন্ন ক্রেডিট রেটিং এজেন্সীর নিকট থেকে এ ধরনের ক্রেডিট রিপোর্ট গ্রহণ করতে পারে। অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস সংগৃহীত প্রতিবেদন দ্বারা কেন্দ্রীয় তথ্য ভান্ডার তৈরী করবে এবং উক্ত তথ্য ভান্ডার থেকে ডিলার শাখাকে সংশ্লিষ্ট ক্রেডিট রিপোর্ট ব্যবহারে প্রাধিকার দেয়া যাবে।

০৪। জিএফইটি এর ৭ নম্বর অধ্যায়ের ২৩(বি) অনুচ্ছেদে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৪